


# পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনরা,

আমারা পরের অধ্যায়ে আঙ্কিক আদলের বিষয়টি আরো একটু এগিয়ে নিয়ে যাব এবং গুণনীয়ক, গুণিতক, ভগ্নাংশ, দশমিক-ভগ্নাংশ এবং ঋণাত্মক নম্বরের – যেসব রাশি আমরা প্রায় প্রতিদিন ব্যবহার করি, সেই সবগুলির আদল দেখব।

আমরা শুরু করব এটি অনুমান করে যে, আমরা এমন একটি কারখানায় কাজ করি যেখানে মেশিনের সামনে যে নম্বরটি থাকবে সেটি অনুযায়ী মেশিন ব্যবহার করে কোনো বস্তুকে গাম, সুতো বা স্প্যাগেটির মত লম্বা করা যায়। যেমন ধরা যাক, যদি আমরা চাই একটুকরো যন্ত্রিধুকে তার আসল দৈর্ঘ্য থেকে পাঁচগুণ বাড়াতে তবে আমরা  $\times 5$  মেশিন ব্যবহার করতে পারি। আমরা কিছু মেশিনের বদলে কয়েকটি মেশিনের সমষ্টি ব্যবহার করতে পারি যার দ্বারা একটি নম্বরের গুণিতক জোড়গুলি দেখানো যায়। যেমন একটা  $\times 10$  মেশিনের পরিবর্তে আমরা ব্যবহার করতে পারি দুটি মেশিন। প্রথমটি  $\times 2$  মেশিন। আপনারা কি বলতে পারবেন দ্বিতীয় মেশিনটি কী হবে ?



ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশে অনেক আঙ্কিক আদল খুঁজে পাওয়া যায়। নিচে এই রকম একটি একই হর বিশিষ্ট ভগ্নাংশের আদল দেওয়া হল। এর পরের সারির নম্বরটি কী হবে তা বলতে পারবেন কি ?

ভগ্নাংশ	$\frac{1}{5}$	$\frac{2}{5}$	$\frac{3}{5}$	$\frac{4}{5}$	$\frac{5}{5}$	$\frac{6}{5}$	$\frac{7}{5}$	?
দশমিক ভগ্নাংশ	0.2	0.4	0.6	0.8	1.0	1.2	1.4	?

ভগ্নাংশের এই আদল ও তাদের দশমিকের সমতুল নম্বরগুলি জানার ফলে আপনাদের সুবিধা হবে ভগ্নাংশ ও দশমিকে হিসাব করতে।

**শব্দাবলী** এই অধ্যায়ে আপনারা অনেক নতুন শব্দ শিখবেন। তার মধ্যে কয়েকটি হল :

পরম মান	গরিষ্ঠ সাধারণ গুণিতক	মৌলিক গুণিতক
সংযুক্ত নম্বর	লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক	মৌলিক রাশি
সমতুল ভগ্নাংশ	মিশ্র রাশি	তুলনামূলক মৌলিক
সূচক	গুণনীয়ক	পুনরাবৃত্ত দশমিক
গুণিতক	বিপরীত	

**আপনারা বাড়িতে কী করতে পারেন ?**

আমাদের চারি দিকেই দশমিক ও ভগ্নাংশ ছড়িয়ে আছে। আপনাদের ছাত্র/ছাত্রীদের বলুন তাদের দৈনন্দিন জীবনে যেভাবে ভগ্নাংশ ও দশমিক ব্যবহার হচ্ছে সে বিষয়ে সচেতন হতে।